গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
www.srdi.gov.bd

স্মারক নম্বর: ১২.০৩.০০০০.০০২.১৬.০০১.১৯.৫২ | তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬ / ০৫ আগস্ট ২০১৯

বিষয়: মাসিক কার্যাবলীর প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর জুলাই/২০১৯ মাসের মাসিক কার্যাবলীর প্রতিবেদন নির্ধারিত ছকে পরবর্তী সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: প্রতিবেদন ২ (দুই) প্রস্ত।

৫-৮-২০১৯
বিধান কুমার ভান্ডার
পরিচালক

সচিব
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** অতিরিক্ত সচিব, প্রশাসন ও উপকরণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.০৩.০০০০.০০২.১৬.০০১.১৯.৫২/১(৪) | তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬ / ০৫ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব, প্রশাসন-৫ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
২) সিনিয়র সহকারী সচিব, সম্প্রসারণ-৩ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
৩) ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪) অফিস কপি

৫-৮-২০১৯
বিধান কুমার ভান্ডার
পরিচালক

## মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

**মন্ত্রণালয়/বিভাগের নাম: কৃষি মন্ত্রণালয়। সংস্থার নাম: মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট।**
প্রতিবেদনাধীন মাসের নাম: জুলাই, ২০১৯। প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ০৫/০৮/২০১৯ খ্রি.

**(১) প্রশাসনিক**

**ক. ১ কর্মকর্তা/কর্মচারিদের সংখ্যা (রাজস্ব বাজেটে)**

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয়/বিভাগ | - | - | - | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৬৯৯ | ৫১৫ | ১৮৪ | অনুমোদিত ৬৯৯ টি পদের মধ্যে ক্যাডারের ৭ টি লিভ রিজার্ভ পদ রয়েছে |
| মোট | ৬৯৯ | ৫১৫ | ১৮৪ | |

**ক. ২ শূন্যপদের বিন্যাস:**

| অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ(যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | - | ৬৬ | ১৫ | ৪৩ | ৬০ | ১৮৪ |

**ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) শূন্য পদ থাকলে তার তালিকাঃ (অতিরিক্ত সচিব/সম পদমর্যাদা সম্পন্ন/ সংস্থা প্রধান এবং তদূর্ধ্ব পদ):**

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | - |

**ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদানঃ**

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারি | মোট | কর্মকর্তা | কর্মচারি | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | - | ১ | - | - | - | - |

**ক. ৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:**

- ছাড়প্রাপ্ত পদসমূহের কতিপয় পদ পূরণে মহামান্য হাইকোর্টে মামলা থাকা;
- নিয়োগবিধি না থাকা;
- ক্যাডারভুক্তির প্রক্রিয়াধীন থাকা।

চলমান পাতা/২

ক. ৬ দপ্তর/সংস্থার চুক্তিভিত্তিক/প্রেষণ/লিয়েনে নিয়োগ সম্পর্কিত তথ্য:

| ক্রঃ নং | প্রতিবেদনাধীন/কর্মরত দপ্তর/সংস্থার নাম | চুক্তি ভিত্তিক নিয়োগ | প্রেষণে নিয়োগ | লিয়েনে নিয়োগ | মূল প্রতিষ্ঠান (প্রদানকারী) নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | মৃত্তিকা গবেষণা ও গবেষণা সুবিধা জোরদারকরণ প্রকল্প | - | ২ | - | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | |
| ২. | নগর কৃষি উৎপাদন সহায়ক (পাইলট) | - | ১ | - | | |
| ৩. | গোপালগঞ্জ-খুলনা-বাগেরহাট-সাতক্ষীরা-পিরোজপুর কৃষি উন্নয়ন প্রকল্প | - | ৪ | - | | |
| ৫. | Gilbane Building Company, Japan | - | - | ১ | | |
| | মোট: | - | ৭ | ১ | | |

খ. ১ ভ্রমণ/পরিদর্শন(দেশে-বিদেশে): প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | | | | | | | |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | | | | | | | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | | | | |

খ. ২ **উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা:** প্রযোজ্য নয়।

(২) **আইন-শৃংখলা বিষয়ক (শুধুমাত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য:** প্রযোজ্য নয়।

(৩) **অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য):** প্রযোজ্য নয়।

(৪) **উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্য:**

ক. **উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত (অংকে ও কথায়) (লক্ষ টাকায়):**

| বর্তমান অর্থ বছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| মৃত্তিকা গবেষণা ও গবেষণা সুবিধা জোরদারকরণ প্রকল্প- ১,২৮৯ লক্ষ টাকা | ৩০.৮৪ লক্ষ; ২.৩৯% | - | - |
| গোপালগঞ্জ-খুলনা-বাগেরহাট-সাতক্ষীরা-পিরোজপুর কৃষি উন্নয়ন প্রকল্প- ৪০০ লক্ষ টাকা | ৮.৫০ লক্ষ; ২.১২৫% | - | - |
| নগর কৃষি উৎপাদন সহায়ক (পাইলট) প্রকল্প- ৩৬৭ লক্ষ টাকা | ৯.২৬ লক্ষ; ২.৫২% | - | - |

**খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য:** প্রযোজ্য নয়।

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে):** প্রযোজ্য নয়।

ক. কৃষি/শিল্প পণ্য, সার জ্বালানী ইত্যাদি: প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সংকটের আশংকা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট): প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং-এর সময়কাল (ঘন্টায়) প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মে. টন) : প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন) : প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি:**

ক. **অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:**

| মন্ত্রণালয়/সংস্থার নাম<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডসিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| রাজস্ব | ২১টি | ১১৫৮.৬১ লক্ষ | ২১টি | - | ২১টি<br>১১৫৮.৬১ লক্ষ | - |
| প্রকল্প | ৩টি | ৩২৪.৬২ লক্ষ | ৩টি | - | ৩টি<br>৩২৪.৬২ লক্ষ | - |
| সর্বমোট | ২৪টি | ১৪৮৩.২৩ লক্ষ | ২৪টি | - | ২৪টি<br>১৪৮৩.২৩ লক্ষ | - |

**খ.অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা:** প্রযোজ্য নয়।

(৮) **শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):**

| মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | - | - | - | - | ১ |

চলমান পাতা-৪

(৯) মানব সম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচী:

ক. ১. প্রশিক্ষণ গ্রহণ (দেশীয় প্রশিক্ষণ)

| প্রশিক্ষণ কর্মসূচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/ এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থা থেকে অংশগ্রহনকারীর সংখ্যা |
|---|---|---|---|
| উদ্ভাবন প্রকল্প ডিজাইন শীর্ষক প্রশিক্ষন কর্মশালা | ২ দিন | এটুআই | ২ জন কর্মকর্তা |
| ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ | ৫ দিন | বারটান | ১ জন কর্মকর্তা |

ক. ২. প্রশিক্ষণ প্রদান (দেশীয় প্রশিক্ষণ)

| প্রশিক্ষণ কর্মসূচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/ এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থা থেকে অংশগ্রহনকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ইন-হাউজ ট্রেনিং | ১ দিন | এসআরডিআই | সকল কর্মচারী |
| মৃত্তিকা নমুনা সংগ্রহ ও ভেজাল সার সনাক্তকরণ পদ্ধতি | ১ দিন | এসআরডিআই | ১০০ জন কৃষক |
| গুণগত মানের বীজ উৎপাদনে মাটি ব্যবস্থাপনা | ১ দিন | বিএডিসি | ৩০ জন চুক্তিবদ্ধ কৃষক |

ক. ৩. প্রশিক্ষণ গ্রহণ (বৈদেশিক প্রশিক্ষণ)

| প্রশিক্ষণ কর্মসূচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/ এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থা থেকে অংশগ্রহনকারীর সংখ্যা |
|---|---|---|---|
| Action Research for SDGs Localization on Sustainable Agriculture in Bangladesh | ১৩ দিন | এনএটিপি-২ প্রকল্প, বিএআরসি | ১ জন কর্মকর্তা |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারিদের জন্য দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

গ.প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নাই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কিনা: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১ জন কর্মকর্তা।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন সমস্যা সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: শূন্য।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী: (প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়/গবেষণাগার, জেলা কার্যালয় ও গবেষণাকেন্দ্র কারিগরী প্রতিবেদন)

মাঠ জরিপ:

জরিপকৃত ৩ (তিন) টি উপজেলার মৃত্তিকা নমুনা বিশ্লেষণের জন্য গবেষণাগারে প্রেরণ করা হয়েছে, জরিপকৃত ১০ (দশ) টি উপজেলার মৃত্তিকা নমুনা বিশ্লেষণের জন্য গবেষণাগারে প্রেরণের লক্ষ্যে প্রক্রিয়াজাতকরণের এবং ২ (দুই) টি উপজেলার প্রাক মাঠ জরিপের কাজ চলছে।

মানচিত্র চূড়ান্তকরণ:

৫০ (পঞ্চাশ) টি উপজেলার খসড়া মৃত্তিকা ও ভূমিরূপ মানচিত্র প্রস্তুতের কাজ চলছে।

চলমান পাতা-৫

প্রতিবেদন প্রণয়ন:

৫০ (পঞ্চাশ) টি উপজেলার ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকার খসড়া প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে।

ইউনিয়ন সহায়িকা প্রণয়ন:

৪৫ (পঁয়তাল্লিশ) টি ইউনিয়ন সহায়িকা প্রণয়নের কাজ চলছে।

লবণাক্ততা পরিবীক্ষণ কার্যক্রম:

খুলনা আঞ্চলিক কার্যালয়ের আওতায় জুলাই/১৯ মাসে পরিবীক্ষণ সাইটের তথ্য সংগ্রহসহ ১২(বার)টি স্থান হতে ৩৬ টি মাটির নমুনা, ১৩ (তের)টি নদ-নদী, ৪ (চার)টি অগভীর নলকূপ ও ১২ (বার)টি অগার গভীরতার পানির নমুনা সংগ্রহ এবং ইসি নির্ণয় করা হয়েছে এবং যশোর জেলা কার্যালয়ের মাধ্যমে নির্ধারিত লবণাক্ততা পরিবীক্ষণ সাইট থেকে ৯টি মাটি ও পানি এবং ৯টি অগভীর নলকূপ থেকে পানির নমুনা সংগ্রহ করে ইসি নির্ণয় করা হয়েছে। এছাড়া জুন/১৯ মাসে সংগৃহীত খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার বিভিন্ন নদ-নদীর পানির ইসি নির্ণয় পূর্বক সেচ উপযোগীতার প্রতিবেদন প্রস্তুত করে খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর- এর উপ-পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে এবং জুলাই/১৯ মাসের প্রতিবেদন তৈরির কাজ চলছে।

**লবণাক্ততা ব্যবস্থাপনা ও গবেষণা কেন্দ্র, বটিয়াঘাটা, খুলনা'র গবেষণা কার্যক্রম:**

এই কেন্দ্রে উপকূলীয় এলাকার লবণাক্ততা, লবণাক্ততা প্রশমন এবং ফসল উপযোগীতা বিষয়ে ১০ (দশ)টি গবেষণা কার্যক্রম চলমান আছে। **Monitoring of water salinity of the Kazibacha river in Khulna district during high and low tide throughout the year** শীর্ষক কার্যক্রমের আওতায় প্রতিবেদনাধীন মাসে কাজীবাছা নদীর পানিতে জোয়ারের সময় সর্বোচ্চ ২৩.৮৫ ডিএস/মিটার এবং সর্বনিম্ন ৩.৫ ডিএস/মিটার যা কৃষিক্ষেত্রে ব্যবহারের জন্য অধিক ক্ষতিকর; এবং ভাটার সময় সর্বোচ্চ ২৩.৬০ ডিএস/মিটার যা কৃষিক্ষেত্রে ব্যবহারের জন্য অধিক ক্ষতিকর এবং সর্বনিম্ন ০.২০ ডিএস/মিটার রেকর্ড করা হয় যা কৃষিক্ষেত্রে ব্যবহারের জন্য নিরাপদ। **Monitoring of water salinity of different canal in Batiaghata Upazila , Khulna** কার্যক্রমের আওতায় বটিয়াঘাটা উপজেলার ৭(সাত)টি খালের ১৫(পনের)টি স্পটের পানির লবণাক্ততা মাত্রা নির্ণয় করা হয়েছে। এর মধ্যে সর্বোচ্চ ও সর্বনিম্ন লবণাক্ততার মাত্রা ছিল যথাক্রমে সালথা বটতলা খালে ১৬.৬০ ডিএস/মিটার যা কৃষিক্ষেত্রে ব্যবহারের জন্য অধিক ক্ষতিকর এবং নাহারিতলা খালে ১.৬৭ ডিএস/মিটার যা কৃষিক্ষেত্রে ব্যবহারের জন্য ক্ষতিকর।

**মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা কেন্দ্র, বান্দরবানের কার্যক্রম:**

মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা কেন্দ্র, বান্দরবানে গবেষণার অংশ হিসাবে বিভিন্ন ঢালে স্থাপিত বিভিন্ন প্রকার হেজ পরিষ্কার ও পরিচর্যার কাজ চলছে। গবেষণা এলাকায় Bench Terrace -এ খরিফ মৌসুমে শাক সব্জি চাষে আগাছা পরিষ্কার, সার প্রয়োগ ইত্যাদির কাজ চলছে। ভূমি ক্ষয় নিয়ন্ত্রনের জন্য ১৫ (পনের) জন কৃষকের পাহাড়ে স্থাপিত আনারসের Hedge row পরিচর্যার কাজ চলছে। NVS দ্বারা গবেষণা প্লটের আগাছা পরিষ্কার, সার, কীটনাশক প্রয়োগ ইত্যাদির কাজ চলছে। Gentle Slope -এ হেজের দ্বারা চিচিংগা প্লট পরিষ্কার, সার প্রয়োগ, মাচা তৈরি ইত্যাদির কাজ শেষ হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে ভূমিক্ষয় নিয়ন্ত্রনের বিভিন্ন গবেষণা কার্যক্রম যেমন- প্লট নির্বাচন, জমি তৈরি, সার, গোবর প্রয়োগ ইত্যাদির কাজ চলছে। ভূমিক্ষয় নিয়ন্ত্রনের জন্য কন্টুরে শূন্য কর্ষন পদ্ধতিতে আনারস চাষ গবেষণা প্লটের আগাছা পরিষ্কার, সার প্রয়োগ ইত্যাদির কাজ চলছে। ভূমিক্ষয়, ভূমিধ্বস নিয়ন্ত্রনের জন্য ঝাড়ু, বাঁশ দ্বারা গবেষণা প্লটের পরিচর্যার কাজ চলছে। গবেষণা প্লটসমূহে স্থাপিত মাল্টিস্লট ডিভাইজার হতে মাটি মিশ্রিত পানির নমুনা সংগ্রহের কাজ চলছে।

**মাটি, পানি উদ্ভিদ ও সার নমুনা বিশ্লেষণ:**

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের কেন্দ্রীয় এবং আঞ্চলিক গবেষণাগারসমূহ কর্তৃক জুলাই/২০১৯ মাসে ১,২৫৭ (এক হাজার দুইশত সাতান্ন) টি মৃত্তিকা, ৩৮২ (তিনশত বিরাশি) টি সার ও নমুনা পরীক্ষা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে এবং কৃষকগণকে ফলাফল প্রেরণ করা হয়েছে।

কৃষক সেবা কর্মসূচী:

আঞ্চলিক ও জেলা কার্যালয়গুলোর মাধ্যমে জুলাই/১৯ মাসে নিম্নে উল্লেখ সংখ্যক কৃষককে সার সুপারিশ প্রদান করা হয়েছে।

| উপজেলা নির্দেশিকার ভিত্তিতে সার সুপারিশ কার্ড (জন) | মাটি পরীক্ষার ভিত্তিতে সার সুপারিশ কার্ড (জন) | ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগার (এমএসটিএল) কার্যক্রম (জন) | অনলাইন সার সুপারিশ কার্ড (জন) | মোট |
|---|---|---|---|---|
| ৪৫০ | ১,২৭০ | - | ৫৭২ (৩১ জুলাই'২০১৯ পর্যন্ত) | ২,২৯২ |

প্রায়োগিক ট্রায়াল:

| কার্যালয় | উপজেলা | জেলা | কাজের সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|
| ঢাকা | গাজীপুর সদর | গাজীপুর | খরিফ-২ মৌসুমের জন্য জমি ও ফসল নির্বাচনের কাজ সম্পন্ন করা হয়েছে। |
| রাজশাহী | বিরল | দিনাজপুর | খরিফ-২ মৌসুমের জন্য জমি ও ফসল নির্বাচনের কাজ চলছে। |
| সিলেট | দক্ষিণ সুরমা | সিলেট | বিনাধান- ১৭ জাতের ধানের বীজতলায় চারা পরিচর্যার কাজ চলছে। |

বিবিধ:

- নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২ জন শিক্ষার্থীকে লবণাক্ততা সম্পর্কিত তথ্য সরবরাহ করা হয়েছে।
- বিভিন্ন জেলায় কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের কাজের সমন্বয় সভায় অংশগ্রহণ করা হয়েছে।
- প্রধান কার্যালয় হতে ৫০০টি 'সরজমিনে মৃত্তিকা নমুনা সংগ্রহ পদ্ধতি' এবং 'ভেজাল সার সনাক্তকরণের পদ্ধতি' শীর্ষক বুকলেট বিতরণ করা হয়েছে।

আগামী দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

- ৫০ (পঞ্চাশ)টি ইউনিয়ন ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা প্রণয়ন করা হবে।
- বার্ষিক কারিগরি প্রতিবেদন ২০১৮-২০১৯ এর খসড়া প্রণয়ন করা হবে।
- বিভিন্ন গবেষণা কার্যক্রম হতে লব্ধ ফলাফলসমূহ ডকুমেন্টেশন করা হবে।
- মৃত্তিকা নমুনা সংগ্রহ, সুষম সার ব্যবহার ও ভেজাল সার সনাক্তকরণ বিষয়ে ৫০০ (পাঁচশত) জন কৃষক ও কৃষি কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- দশটি আপডেটেড নির্দেশিকার তথ্য অনলাইন ডাটা বেজে অন্তর্ভুক্ত (এন্ট্রি) করা হবে।

০৫/০৮/১৯

দপ্তর/সংস্থা প্রধানের স্বাক্ষর: সচিবের স্বাক্ষর:

নাম: বিধান কুমার ভান্ডার নাম:
পরিচালক
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা